যুগান্তর

তারিখ 06 APR 2016
পৃষ্ঠা ৬ কলাম ৭

# এইচএসসিতে দ্বিতীয় দিনে বহিষ্কার ৬০ অনুপস্থিত ১৩৬৩৭

**যুগান্তর রিপোর্ট**

এইচএসসি ও সমমানের পরীক্ষার দ্বিতীয় দিন মঙ্গলবার সারা দেশে মোট ৬০ জন শিক্ষার্থী বহিষ্কার হয়েছে। ১৩ হাজার ৬৩৭ শিক্ষার্থী ফরম পূরণ করেও পরীক্ষায় অংশ নেয়নি।

দ্বিতীয় দিনে উচ্চ মাধ্যমিকে বাংলা দ্বিতীয়পত্র এবং মাদ্রাসায় আলিমে হাদিস ও উসুলুল হাদিস বিষয়ের পরীক্ষা ছিল। কারিগরি বোর্ডের অধীনে সকাল ও বিকাল দু'বেলাই পরীক্ষা ছিল। সকালে ইংরেজি-২ এবং বিকালে ইংরেজি-১ বিষয়ের পরীক্ষা নেয়া হয়। এদিন সর্বমোট ১০ লাখ ৩৩ হাজার ১০৫ শিক্ষার্থীর পরীক্ষায় অংশ নেয়ার কথা ছিল। কিন্তু অংশ নেয় ১০ লাখ ১৯ হাজার ৪৬৮ জন। বাকি ১৩ হাজার ৬৩৭ পরীক্ষার্থী অনুপস্থিত ছিল। তাদের মধ্যে ঢাকা বোর্ডে ২৩২২, কুমিল্লা ১৪৪৫, চট্টগ্রামে ৯৭০, রাজশাহীতে ১৩০৭, যশোরে ১৪১৯, দিনাজপুরে

■ পৃষ্ঠা ৭ : কলাম ৭

## এইচএসসিতে দ্বিতীয় দিনে বহিষ্কার ৬০

(৩য় পৃষ্ঠার পর)

৯৭৭, সিলেটে ৭২০ ও বরিশাল বোর্ডে ৬৭৩ জন পরীক্ষা দেয়নি। মাদ্রাসা বোর্ডে ২৩০৯ এবং কারিগরি বোর্ডে ১৪৯৫জন অনুপস্থিত ছিল। পরীক্ষায় অসদুপায় অবলম্বনের দায়ে ঢাকা ও কুমিল্লা বোর্ডে ৬ জন করে, চট্টগ্রামে ৪ জন, রাজশাহী, যশোর, সিলেট ও বরিশাল বোর্ডে ১ জন করে বহিষ্কৃত হয়েছে। মাদ্রাসা বোর্ডে ১১ জন এবং কারিগরি বোর্ডে ২৯ জন বহিষ্কৃত হয়। দ্বিতীয় দিনে দায়িত্বে অবহেলার কারণে কোথাও কোনো শিক্ষক বহিষ্কার হননি। বরিশাল ব্যুরো জানায়, এ বোর্ডে ২য় দিনে অনুপস্থিত ছিল ৬৭৩ জন। এর মধ্যে বরিশাল জেলায় ৩০২, ঝালকাঠিতে ৪৮, পিরোজপুরে ৯৬, পটুয়াখালিতে ৯৪, বরগুনায় ৫৭ ও ভোলায় ৭৬ জন রয়েছে। মুলাদীতে ১ জন পরীক্ষার্থী বহিষ্কৃত হয়েছে। বরিশাল বোর্ডের পরীক্ষা নিয়ন্ত্রক মুহাম্মদ শাহ আলমগীর বিষয়টি নিশ্চিত করেছেন।